রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৪, ২০২৩

## ৬ষ্ঠ খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**প্রশাসন শাখা**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ২৯ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ

নং ১ই/২ কল-১০/২০২৩/১০১৩(২)-এ—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোঃ সুরুজ মিয়া-এর জন্ম তারিখ ২০-০৩-১৯৬৪ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসরগ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ১৯-০৩-২০২৩ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। উপরি উল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ২০-০৩-২০২৩ খ্রিঃ তারিখ হতে ১৯-০৩-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ১ই/২ কল-০৯/২০২৩/১০১৫(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাব মোঃ খায়রুল আলম-এর জন্ম তারিখ ০২-০২-১৯৬৪ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসরগ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০১-০২-২০২৩ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। উপরি উল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০২-০২-২০২৩ খ্রিঃ তারিখ হতে ০১-০২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ১ই/২ কল-০৬/২০২৩/১০১৬(২)-এ**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী বেঞ্চ অফিসার জনাব মোঃ সুরুজ্জামান-এর জন্ম তারিখ ০৬-০২-১৯৬৪ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসরগ্রহণ সংক্রান্ত আইনের ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ০৫-০২-২০২৩ খ্রিঃ তারিখ থেকে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। উপরি উল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ০৬-০২-২০২৩ খ্রিঃ তারিখ হতে ০৫-০২-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-Retirement Leave) মঞ্জুর করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৯ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **১০১৭(২) এ** —বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে কর্মরত **১১** (এগার) জন সহকারী বেঞ্চ অফিসার প্রত্যেকে সহকারী বেঞ্চ অফিসার পদে কর্মরত থাকাকালীন বিগত ১০ বছরের মধ্যে সিলেকশন গ্রেড বা টাইম স্কেল প্রাপ্ত হননি এবং তাদের চাকুরী সন্তোষজনক ও পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০ (দশ) বছর পূর্ণ করায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) অনুযায়ী ছকে ০৬ নং কলামের বর্ণিত তারিখ হতে তাঁদেরকে বর্তমান ৯ম গ্রেড থেকে পরবর্তী উচ্চতর গ্রেড ২৩০০০—৫৫৪৭০/- টাকার স্কেল (৮ম গ্রেড) প্রদান করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | সহকারী বেঞ্চ অফিসার পদে যোগদানের তারিখ ও স্কেল | বেতন রেজিস্ট্রার অনুযায়ী বর্তমান গ্রেড | সহকারী বেঞ্চ অফিসার পদে ১০ বছর পূর্তির তারিখ | একই পদে ১০ (দশ) বৎসর পূর্তিতে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্যতার তারিখ ও স্কেল |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | জনাব মোঃ রবিউল ইসলাম<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ২. | জনাব মোঃ ছাইফুল্লাহ<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৩. | জনাব শামীমা ইয়াসমিন<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৪. | জনাব মুঃ রাজীব হোসাইন<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৫. | জনাব মোঃ মজিবুর রহমান<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৬. | জনাব আবদুস সালাম<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৭. | জনাব মোঃ সাইদুর রহমান হাসান<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৮. | জনাব মোঃ মাহবুবুল আলম<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ৯. | জনাব মোঃ মনিরুজ্জামান<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ১০. | জনাব আশরাফুল আলম<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |
| ১১. | জনাব আকতার হোসেন<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৮-২০১২<br>১১০০০—২০৩৭০/-<br>গ্রেড-৯ম<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ২২০০০—৫৩০৬০/-<br>৯ম গ্রেড<br>জাঃ বেঃ স্কেল/২০১৫ | ৩১-০৭-২০২২ খ্রিঃ | ০১-০৮-২০২২<br>২৩০০০—৫৫৪৭০/-<br>(গ্রেড-৮ম)<br>জাঃ বেঃ স্কেল/১৫ |

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

**মুন্সী মশিয়ার রহমান**
রেজিস্ট্রার।

**মহিলা বিষয়ক অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০২৩

নং **৩২.০১.০০০০.০০১.১৫.৮৬০.২০-১০৬৭**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ০৫ ডিসেম্বর ২০২২ তারিখের ৩২.০০.০০০০.০২৯.১৫.০০৫.২২-৭১১ নং স্মারক ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৫ নভেম্বর ২০২২ তারিখের ৮০.০০.০০০০.১১১.১৫.০০৪.২০২২-১৩৯ নং স্মারক এর সুপারিশের আলোকে "উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৬" এর বিধান মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব খাতে স্থানান্তরিত "বিত্তহীন মহিলা উন্নয়ন কর্মসূচী (FSVGD) ২য় পর্যায়" শীর্ষক সমাপ্ত প্রকল্পের পদায়নকৃত হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আবদুস শুকুর হাওলাদার এর চাকরি নিম্নরূপ শর্তে নিয়মিতকরণ করা হলো।

**শর্তাবলি :**

০১। উল্লিখিত কর্মকর্তা বিদ্যমান সরকারি বিধি-বিধানের আলোকে সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের সদয় সম্মতি রয়েছে।

**মোঃ আবুল কাশেম**
উপপরিচালক (প্রশাসন)।

---

**প্রধান প্রকৌশলীর কার্যালয়**
**গণপূর্ত অধিদপ্তর**
**সংস্থাপন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ মাঘ ১৪২৯/০৯ ফেব্রুয়ারি ২০২৩

নং **২৫.৩৬.০০০০.২১১.১৯.২.০২.১৩/৪**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, প্রশাসন অধিশাখা-১ এর স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০১৩.১২.০০১.২৩.১৩৩, তারিখ: ০৮-০২-২০২৩ খ্রিঃ এর নির্দেশের প্রেক্ষিতে নিম্নোক্ত উপ-সহকারী প্রকৌশলী (ই/এম) দ্বয়কে বদলি করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে বর্ণিত স্থানে পদায়ন করা হলো।

১। জনাব ইয়াছিন আলী, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম বিভাগ-১১, ঢাকা (বঙ্গভবন)—গণপূর্ত ই/এম বিভাগ-১১, ঢাকা। উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), জনাব রবিন মিয়া এর স্থলে।

২। জনাব রবিন মিয়া, উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), গণপূর্ত ই/এম বিভাগ-১১, ঢাকা—গণপূর্ত ই/এম বিভাগ-১১, ঢাকা (বঙ্গভবন)। উপ-সহকারী প্রকৌশলী (ই/এম), জনাব ইয়াছিন আলী এর স্থলে।

বদলীকৃত উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)দ্বয়কে ১৪-০২-২০২৩ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে দায়িত্বভার হস্তান্তরপূর্বক যথাসময়ে নতুন কর্মস্থলে যোগদান করতে হবে। অন্যথায় ১৫-০২-২০২৩ তারিখে তারা 'তাৎক্ষণিকভাবে অবমুক্ত হয়েছেন' মর্মে গণ্য হবেন।

**মোহাম্মদ শামীম আখতার**
প্রধান প্রকৌশলী।

---

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**
**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.০১৬.২২-১৭৯**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো :

১। জনাব ধীরাজ নন্দী চৌধুরী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজনগর, মৌলভীবাজার।

২। জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউখালী, পিরোজপুর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মঠবাড়িয়া, পিরোজপুর।

৩। জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহজাদপুর, সিরাজগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাঘমারা, রাজশাহী।

৪। জনাব মোঃ আলাওল কবির, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাল্লা, সুনামগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহজাদপুর, সিরাজগঞ্জ।

৫। জনাব মোঃ সেলিম হেলালী, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লামা, বান্দরবান।

৬। জনাব মোঃ জহুরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পঞ্চগড় সদর, পঞ্চগড় (উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও বদলির আদেশাধীন)—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুর, নীলফামারী।

৭। জনাব মোঃ তৌহিদুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুর, নীলফামারী—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ, নীলফামারী।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত ১৪-১২-২০২২ তারিখের ১৩.০০.০০০০.০২২.১৯.০০১.১৯.৫০৯ নং প্রজ্ঞাপনে জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা-২০১৯ (সংশোধিত-২০২২) এর অনুচ্ছেদ-২ এর "ক" অনুযায়ী বদলি করা হলো। বর্ণিত কর্মকর্তাদের দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা-এর (৩) অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর হবে। ক্রমিক নং ১, ২, ৫ ও ৬-এ বর্ণিত কর্মকর্তাগণের আবেদনের পরিপ্রেক্ষিতে বদলি হওয়ায় কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.০০৫.১৬-১৭৫**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি প্রদান করা হলো :

০১। জনাব বিকাশ চন্দ্র, সহকারী ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, পাবনা—সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, অম্বিকাপুর, এসএসডি, ফরিদপুর।

০২। জনাব মোঃ আব্দুল হান্নান শেখ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আখাউড়া, বি-বাড়িয়া—সহকারী ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, পাবনা।

০৩। জনাব লীনা আহমেদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ধামরাই, ঢাকা (উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাসাইল, টাংগাইল বদলির আদেশাধীন)—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ।

০৪। জনাব মোঃ আব্দুল মুকিত, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ—প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা রেশনিং, ঢাকা।

০৫। জনাব শেখ জিকরুল আলম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোল্লাহাট, বাগেরহাট—এলাকা রেশনিং কর্মকর্তা, ডি-১, ঢাকা রেশনিং, ঢাকা।

০৬। জনাব নাইয়া রানুর, প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা রেশনিং, ঢাকা—এলাকা রেশনিং কর্মকর্তা, ডি-২, ঢাকা রেশনিং, ঢাকা।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত ১৪-১২-২০২২ তারিখের ১৩.০০.০০০০.০২২.১৯.০০১.১৯.৫০৯ নং প্রজ্ঞাপনে জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা-২০১৯ (সংশোধিত-২০২২) এর অনুচ্ছেদ-২ এর "ক" ও "খ" অনুযায়ী বদলি করা হলো। বর্ণিত কর্মকর্তাদের দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা-এর (৩) অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর হবে। ক্রমিক নং ১-এ বর্ণিত কর্মকর্তা আবেদনের পরিপ্রেক্ষিতে বদলি হওয়ায় কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ মাঘ ১৪২৯/০৭ ফেব্রুয়ারি ২০২৩

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.২৩.১৬১**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে "উপজেলা নির্বাহী অফিসার" হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানের তারিখ | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মাহমুদা খাতুন (পরিচিতি নং-১৭৮১৮) নিজ জেলা: চাঁপাইনবাবগঞ্জ। | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত। | ০৬-০২-২০২৩ খ্রিঃ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিংড়া, নাটোর। |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। পদায়নকৃত কর্মকর্তাকে অদ্য ০৭-০২-২০২৩ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাকে এ কার্যালয় হতে কোনো বেতন ভাতা প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ নাজমুন নাহার**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।**

**আদেশ**

তারিখ : ১৭ মাঘ ১৪২৯/৩১ জানুয়ারি ২০২৩

নং **৪৭.৬১.০০০০.২০১.৪৩.০০৩.২৩.৮৩**—এ দপ্তরের আদেশ নং-৯৬৯, তারিখ : ৩০-০৫-২০২১ খ্রিঃ মূলে নিয়োগকৃত জনাব মোঃ তাজউদ্দিন মোল্লা, জেলা অডিটর (অবসরপ্রাপ্ত), বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা অবসরজনিত কারণে অবসায়নে ন্যস্ত দি গ্রামীন ইনভেস্টমেন্ট

মাল্টিপারপাস কো অপারেটিভ সোসাইটি লিঃ, (রেজিঃ নং-১১২. তারিখ : ০৮-০৪-২০০৪ খ্রিঃ, সংশোধিত রেজি নং-৫৪, তারিখ : ১৯-১০-২০০৯ খ্রিঃ), ঠিকানাঃ ৬ মতিঝিল বা/এ, ৩য় তলা, ঢাকা-১০০০ এর অবসায়ক হতে অব্যাহতি প্রদান করা হলো। তদস্থলে জনাব মোঃ শাকিলুজ্জামান, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকাকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৫৪ ধারা অনুযায়ী অবসায়ক নিয়োগ করা হ'ল। তাঁকে আগামী ৩০-০৮-২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবসায়ন কার্যক্রম সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করার এবং প্রতি ০২ (দুই) মাস পর পর অবসায়ন কার্যক্রমের প্রতিবেদন দাখিল করার জন্য বলা হ'ল।

**শেখ কামাল হোসেন**
বিভাগীয় যুগ্ম নিবন্ধক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রংপুর বিভাগ, রংপুর।**
**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৭.০০০০.০০৮.০১.০০৩.২২.৫২**—ভূমি মন্ত্রণালয়ের ২৬-১০-২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.১৯.০৩২.২০-২৬৫ নং প্রজ্ঞাপনমূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রংপুর বিভাগ, রংপুরে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ নং | কর্মকতার নাম ও বর্তমান কর্মস্থল | পরিচিতি নম্বর | নিজ জেলা | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মনোনীতা দাস<br>{সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত} | ১৮৪৩৫ | দিনাজপুর | উপজেলা ভূমি অফিস কাউনিয়া, রংপুর। |

০২। বর্ণিত কর্মকর্তাকে স্ব অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

০৩। বর্ণিত কর্মকর্তাকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত এ কার্যালয় হতে ০১-০২-২০২৩ তারিখ অপরাহ্ণে অবমুক্ত করা হলো। এ কার্যালয়ে অবস্থানকালে তিনি কোনো বেতন ভাতাদি গ্রহণ করেননি।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাবিরুল ইসলাম**
বিভাগীয় কমিশনার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০৪/২০২০-২১**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা**
**ঘোষণাপত্র**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ সালের ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ নং ধারার ২ নং উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-কুষ্টিয়া, উপজেলা-কুষ্টিয়া সদর, মৌজা-চৌড়হাস, জে এল নং-২২।

| খতিয়ান নং (আর এস) | দাগ নং (আর এস) | দাগে মোট জমির পরিমাণ | অধিগ্রহণকৃত জমির পরিমাণ | জমির শ্রেণি |
|---|---|---|---|---|
| ৭২৫ | ৬০২০ | ০.৯৭৫০ | ০.০৪০০ | ধানী |
| ৮৬৭ | ৬০২১ | ০.৪৬৪৪ | ০.১৪০০ | ধানী |

মোট = ০.১৮০০ একর

**মোহাম্মদ সাইদুল ইসলাম**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এলএ কেস নং-০৪/মডেল মসজিদ সদর/২০২২**
**ফরম-"ঘ"**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**[১৩(২) ধারা অনুযায়ী]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১(১) ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে বলিয়া বিবেচিত হইল।

সেহেতু, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা-ঠেঙ্গামারা, জেএলনং-৬৬, উপজেলা-বগুড়া সদর, জেলা-বগুড়া।

| দাগ নং | অধিগ্রহণকৃত জমি (একরে) |
|---|---|
| ৭০০ | ০.০৪৫০ |
| ৭০১ | ০.০৩৭৫ |
| ৭০২ | ০.০১৯০ |
| ৭০৩ | ০.০৮৭৫ |
| ৭০৪ | ০.০৬১৫ |
| ৭০৫ | ০.১২১০ |
| ৭২৫ | ০.০৮৫০ |
| ৭২৬ | ০.০২৪০ |
| মোট = | ০.৪৮০৫ একর |

জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর ভূমি অধিগ্রহণ শাখায় সংরক্ষিত আছে।

**উজ্জ্বল কুমার ঘোষ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাঃ)।

---

**পাট অধিদপ্তর**

**অফিস আদেশ**

তারিখ : ২০ পৌষ, ১৪২৯/০৪ জানুয়ারি, ২০২৩

নং **২৪.০১.০০০০.০০১.১১.০৬৯(অংশ-৩).০৯-১২**—পাট অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ছাড়পত্রের আলোকে ২০০৯, ২০১২ ও ২০১৪ সালে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্রের মেয়াদ অতিক্রান্ত হওয়ায় এবং দীর্ঘদিনেও নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব না হওয়ায় বহুমাত্রিক জটিলতা সৃষ্টির সম্ভাবনা দেখা দিলে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের স্মারক নম্বর যথাক্রমে ২৪.০০.০০০০.১১৯.১১.০০৩.১৮.১৪০, তারিখঃ ২০-০৩-২০২২ এবং ২৪.০০.০০০০.১১৯.১১.০০৩.১৮.১৭৪, তারিখঃ ২৭-০৪-২০২২ এর নির্দেশনা মোতাবেক ২০০৯, ২০১২ ও ২০১৪ সালে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক পাট অধিদপ্তরের জনবল নিয়োগ প্রক্রিয়া এতদ্বারা বাতিল করা হলো।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. সেলিনা আক্তার**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।**
**মাঠ প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ মাঘ ১৪২৯/০৫ ফেব্রুয়ারি ২০২৩

নং **০৫.৪৩.০০০০.০১৪.৩৩.০০১.২৩.১৩৮**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পাশে বর্ণিত কর্মস্থলে "উপজেলা নির্বাহী অফিসার" হিসেবে বদলি/পদায়ন করা হলো :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানের তারিখ | পদায়ন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোছাঃ শিরিন সুলতানা (পরিচিতি নম্বর-১৭৩৫৪) নিজ জেলা: কিশোরগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার হিসেবে পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত | ০২-০২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা |

২। বদলি/পদায়নকৃত কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পালন করবেন এবং ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। পদায়নকৃত কর্মকর্তাকে অদ্য ০৫-০২-২০২৩ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত করা হলো। তাকে এ কার্যালয় হতে কোনো বেতন ভাতা প্রদান করা হয়নি।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ নাজমুন নাহার**
সিনিয়র সহকারী কমিশনার।

**জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।**
**(এল এ শাখা)**
**এল এ কেস নং-১৪/২০১৬-১৭**
**'ফরম-ঘ'**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ এর (১০ এর ২ নং অধ্যাদেশ) অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ এর ১১ (২) নং অধ্যাদেশ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজা : বড় আঁচড়া, জে এল নং-৯০, উপজেলা: শার্শা, জেলা : যশোর।

| খতিয়ান (আর এস) | দাগ নং (আর এস) | দাগের মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|
| ৩৪৫ | ১০৯ | ০.২৪ | ০.১২ | আংশিক |
| ২৪ | ১১১ | ০.৩৫ | ০.৩৪ | আংশিক |
| ৩৭৮ | ১১২ | ০.৩৬ | ০.১৮ | আংশিক |
| ৪৪৮, ৮১১, ৯১৪ | ১১৩ | ০.৩০ | ০.০৫ | আংশিক |
| ৪১৬ | ১৪৩ | ১.২০ | ০.১২ | আংশিক |
| ৭০১ | ১৪৮ | ০.৭৮ | ০.৬১ | আংশিক |
| ৪১৬ | ১৪৯ | ০.৩৩ | ০.৩৩ | পূর্ণ |
| ৬৬১ | ১৫০ | ০.৬৪ | ০.৬৪ | পূর্ণ |
| ২৫৪ | ১৫১ | ০.৩২ | ০.৩২ | পূর্ণ |
| ৪৬৪ | ১৫২ | ০.৪৬ | ০.৪৬ | পূর্ণ |
| ২৫৮ | ১৫৩ | ০.৩২ | ০.২২ | আংশিক |
| ৩৪৫ | ১৫৭ | ০.২৪ | ০.২২ | আংশিক |
| ৪১৮ | ১৫৮ | ০.৩৭ | ০.৩৭ | পূর্ণ |
| ২৫৪ | ১৫৯ | ০.০৮ | ০.০৮ | পূর্ণ |
| ৩৪৫ | ১৬০ | ০.০৮ | ০.০৮ | পূর্ণ |
| ৪৪৪ | ১৬১ | ০.৩৫ | ০.৩৫ | পূর্ণ |
| ৪৪৪ | ১৬২ | ০.৩৪ | ০.২০ | আংশিক |
| ৩৪৫ | ১৬৩ | ০.২৯ | ০.১৪ | আংশিক |
| ৪৬৪ | ১৬৪ | ০.৩০ | ০.১৭ | আংশিক |
| ৭১৬ | ১৬৫ | ০.৮৪ | ০.৭৪ | আংশিক |
| ১০৪৬ | ১৬৬ | ১.০৪ | ১.০৪ | পূর্ণ |
| ৩৯৬ | ১৬৭ | ০.৩৫ | ০.০৭ | আংশিক |
| ১২৬ | ১৬৮ | ০.৫১ | ০.২১ | আংশিক |
| ৩৭৫ | ১৬৯ | ০.৩৯ | ০.৩৯ | পূর্ণ |
| ৭০১ | ১৭০ | ০.৬৫ | ০.৫৩ | আংশিক |
| ২৪ | ১৭৩ | ০.৩৫ | ০.৩০ | আংশিক |
| ৩৭৮ | ১৭৪ | ০.৩৫ | ০.৩৫ | পূর্ণ |
| ১০৬৭ | ১৭৫ | ০.৪২ | ০.৪২ | পূর্ণ |
| ৩৪৫ | ১৭৬ | ১.০০ | ১.০০ | পূর্ণ |
| ২৫৪ | ১৭৭ | ০.৫৩ | ০.৫৩ | পূর্ণ |
| ২৫৪ | ১৭৮ | ০.৩৩ | ০.৩৩ | পূর্ণ |

| খতিয়ান (আর এস) | দাগ নং (আর এস) | দাগের মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|
| ৮৯২ | ১৭৯ | ০.৪৫ | ০.৪৫ | পূর্ণ |
| ৩৯৮ | ১৮০ | ১.০৪ | ১.০৪ | পূর্ণ |
| ৪১৬ | ১৮১ | ০.৩৩ | ০.৩৩ | পূর্ণ |
| ৩৭৮ | ১৮২ | ০.৩৫ | ০.৩৫ | পূর্ণ |
| ৩৫০ | ১৮৩ | ০.৪১ | ০.৪১ | পূর্ণ |
| ১১০৯ | ১৮৪ | ০.২০ | ০.২০ | পূর্ণ |
| ৮৯২ | ১৮৫ | ০.৬৫ | ০.৬৫ | পূর্ণ |
| ৯৩৬ | ১৮৬ | ০.৫৯ | ০.৫৯ | পূর্ণ |
| ৭০০ | ১৮৭ | ০.৪৮ | ০.৪৮ | পূর্ণ |
| ৫২১ | ১৮৮ | ০.২৪ | ০.২৪ | পূর্ণ |
| ২৫৪ | ১৮৯ | ০.৪৭ | ০.৪৭ | পূর্ণ |
| ৩৪৫ | ১৯০ | ০.৬৪ | ০.৬৪ | পূর্ণ |
| ৬১ | ১৯১ | ০.১৫ | ০.১৫ | পূর্ণ |
| ৩৫০ | ১৯২ | ০.১৭ | ০.১৭ | পূর্ণ |
| ৩৪৫ | ১৯৩ | ০.৪১ | ০.৪১ | পূর্ণ |
| ১০৬৭ | ১৯৪ | ০.৩৮ | ০.৩৮ | পূর্ণ |
| ৪৫১ | ১৯৫ | ০.৩৭ | ০.৩৭ | পূর্ণ |
| ৫২১ | ১৯৬ | ০.৪০ | ০.৪০ | পূর্ণ |
| ৪১৬ | ১৯৭ | ০.২৩ | ০.২৩ | পূর্ণ |
| ৪১৬ | ১৯৮ | ০.১৭ | ০.১৭ | পূর্ণ |
| ৫২১ | ১৯৯ | ০.১৫ | ০.১৫ | পূর্ণ |
| ৩৪৫ | ২০০ | ০.১৩ | ০.১৩ | পূর্ণ |
| ৩২৭ | ২০১ | ০.৫৪ | ০.৫৪ | পূর্ণ |
| ৪৫১ | ২০২ | ০.৪০ | ০.৪০ | পূর্ণ |
| ১০৬৬ | ২০৩ | ০.৩৯ | ০.৩৯ | পূর্ণ |
| ৯৯ | ২০৪ | ০.৯১ | ০.৯১ | পূর্ণ |
| ৪৮৫ | ২০৫ | ০.১৬ | ০.১৬ | পূর্ণ |
| ১০৬৬ | ২০৬ | ০.৪১ | ০.৪১ | পূর্ণ |
| ৪৮৫ | ২০৭ | ০.৩১ | ০.৩১ | পূর্ণ |
| ৩৪০ | ২০৮ | ০.৩০ | ০.৩০ | পূর্ণ |
| ৯৬৭ | ২০৯ | ০.৬৪ | ০.৬৪ | পূর্ণ |
| ৬১ | ২১০ | ০.১৬ | ০.১৬ | পূর্ণ |
| ৫২১ | ২১১ | ০.১৬ | ০.১৬ | পূর্ণ |
| ১০৭০ | ২১২ | ০.৩২ | ০.৩২ | পূর্ণ |
| ১০৬৬ | ২১৩ | ০.২৪ | ০.২৪ | পূর্ণ |
| ৪৫১ | ২১৪ | ০.২৫ | ০.২৫ | পূর্ণ |
| ৭১৬ | ২১৫ | ০.৯০ | ০.৪৭ | আংশিক |

**তুষার কুমার পাল**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**
**তথ্য অধিদফতর**

**অফিস আদেশ**

তারিখ : ৩১ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **১৫.৫২.০০০০.০১১.১৮.০১৩.১৪-২৬৫**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়-এর ১৯-০১-২০২৩ তারিখের ৮০.০০. ০০০০.১০২.১২.০১৭.২১-৩৯ নম্বর পত্রের সুপারিশ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৫-০১-২০২৩ তারিখের ১৫.০০.০০০০.০২৫.১২. ০০৫.২২.৩৩ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে তথ্য অধিদফতরের ২য় শ্রেণির (১০ম গ্রেড) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৬,০০০—৩৮,৬৪০/- বেতনস্কেলে 'সহকারী তথ্য অফিসার' এর ০৪ (চার)টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মচারীদের পদোন্নতি প্রদানপূর্বক তাদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো :

| ক্র. নং | নাম ও পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম ও বেতনস্কেল | বদলি/পদায়নকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | জনাব ফাতেমা তুজ জোহরা<br>তথ্য সহকারী | সহকারী তথ্য অফিসার<br>১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) | সহকারী তথ্য অফিসার<br>আঞ্চলিক তথ্য অফিস, খুলনা |
| ০২. | জনাব মো. রফিকুল ইসলাম<br>তথ্য সহকারী | সহকারী তথ্য অফিসার<br>১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) | সহকারী তথ্য অফিসার<br>তথ্য অধিদফতর, ঢাকা |
| ০৩. | জনাব মো. আবুল বশার<br>তথ্য সহকারী | সহকারী তথ্য অফিসার<br>১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) | সহকারী তথ্য অফিসার<br>আঞ্চলিক তথ্য অফিস, বরিশাল |
| ০৪. | জনাব সাবিনা ইয়াছমিন<br>তথ্য সহকারী | সহকারী তথ্য অফিসার<br>১৬,০০০—৩৮,৬৪০/- (গ্রেড-১০) | সহকারী তথ্য অফিসার<br>তথ্য অধিদফতর, ঢাকা |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ শাহেনুর মিয়া**
প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।**
**(এলএ শাখা)**
**এলএ কেস নং-০১/২০২২-২৩**
**ফরম "ঘ"**
**ঘোষণাপত্র**
**[১৩(২) ধারা মোতবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর **১১** ধারা অনুসারে তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হচ্ছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ (২) এর উপ-ধারা (১) অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-বাগেরহাট, উপজেলা-মোল্লাহাট, মৌজা-গাড়ফা, জেএল নং-৫২

| খতিয়ান নং (এসএ) | দাগ নং (এসএ) | দাগে মোট জমি | আংশিক/পূর্ণ | জমির পরিমাণ | রেকর্ডীয় শ্রেণি | বর্তমান শ্রেণি |
|---|---|---|---|---|---|---|
| ৫৫ | ১৬১৩ | ০.৪৭০০ | আংশিক | ০.১৬৮০ | বিলান | ডাঙ্গা-০.১৬৮০ |
| ৬৪৩ | ১৬১৪ | ১.২৬০০ | আংশিক | ১.০১০০ | বিলান | ডাঙ্গা-০.৯৪০০<br>বিলান-০.০৩০০<br>পুকুর-০.০৪০০ |
| ৬৮২ | ১৬১৫ | ১.২২০০ | আংশিক | ০.৯৫০০ | বিলান | ডাঙ্গা-০.৫৭০০<br>বিলান-০.৩৮০০ |
| ৬৩৬ | ১৬১৬ | ০.৫৩০০ | আংশিক | ০.০৭৭০ | ডাঙ্গা | ডাঙ্গা-০.০৭৭০ |
| ৭০৬ | ১৬৪৬ | ০.৭৭০০ | আংশিক | ০.৬২৭০ | ডাঙ্গা | ডাঙ্গা-০.১৪০০<br>বিলান-০.৪৮৭০ |
| ৬৮২ | ১৬৪৭ | ০.২৪০০ | পূর্ণ | ০.২৪০০ | বাগান | ডাঙ্গা-০.০৫০০<br>বিলান-০.১৯০০ |
| ৬৮১ | ১৬৫৯ | ০.৩৯০০ | আংশিক | ০.০৫৮০ | বিলান | বাগান-০.০২০০<br>বিলান-০.০৩৮০ |
| | | | | | মোট = | ৩.১৩০০ একর |

মোট জমির পরিমাণ ৩.১৩০০ একর।

**মোহাম্মদ আজিজুর রহমান**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**চাটমোহর, পাবনা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **০৫.৪৩.৭৬২২.০০০.১৪.০১৫.২৩-১৫৫**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সম্পর্কিত ৩৫ (২) উপ-ধারা (১) অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মোছাঃ মমতাজ মহল, উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন মথুরাপুর ইউনিয়ন পরিষদের ০৪ (চার) নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতাঃ আবুল হাসেম, গ্রামঃ মথুরাপুর, ডাকঘরঃ মথুরাপুর, উপজেলাঃ চাটমোহর, জেলাঃ পাবনা গত ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখে মৃত্যুবরণ করেছেন (ইন্নাল্লিাহি.................রাজিউন)।

তাঁর মৃত্যুজনিত কারণে উক্ত ইউনিয়ন পরিষদের ০৪ (চার) নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (১) (ঙ) ধারা অনুযায়ী ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম। উক্ত ইউনিয়নের মৃত সদস্য মোঃ রফিকুল ইসলাম গত ১১ জানুয়ারি, ২০২২ তারিখ শপথ গ্রহণ করেছিলেন।

**মোছাঃ মমতাজ মহল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নওগাঁ সদর, নওগাঁ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ

**নং ০৫.৪৩.৬৪৬০.০০০.১৫.০০৭.২০২৩-২৫৫**—চেয়ারম্যান, ১০ নং বলিহার ইউনিয়ন পরিষদ এর ০৯-০২-২০২৩ খ্রিঃ তারিখের ০১/২০২৩ নং পত্র মারফত জানা যায় যে, নওগাঁ জেলাধীন নওগাঁ সদর উপজেলার ১০ নং বলিহার ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ আব্দুল আলী গত ০২-০২-২০২৩ খ্রিঃ তারিখ অসুস্থজনিত কারণে মৃত্যুবরণ করেছেন ( ইন্না লিল্লাহে ............. রাজিউন)।

০২। এমতাবস্থায়, তার মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত একই আইনের ৩৫(২) ধারার ক্ষমতা অনুযায়ী আমি মির্জা ইমাম উদ্দিন, উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ ১০ নং বলিহার ইউনিয়ন পরিষদের ০৫ নং ওয়ার্ডের সদস্য পদটি ০৩-০২-২০২৩ খ্রিঃ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মির্জা ইমাম উদ্দিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স**

**আদেশ**

তারিখ : ২২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

নং **৪৪.০১.০০০০.৯৭৭.০৩.০৩৫.২১-৫৮১**—যেহেতু, গাজীপুর জেলার কাপাসিয়া থানার সাবেক অফিসার ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম, বিপি-৬৯৯৮০০৮৫২৯, বর্তমানে কিশোরগঞ্জ জেলায় কর্মরত এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং-৩(খ) এর অধীনে পুলিশ হেডকোয়ার্টার্সের বিভাগীয় মামলা নং-**১২৫**, তারিখঃ **১৯-০৮-২০২১** খ্রিঃ রুজু করা হয়; এবং

যেহেতু, আলোচ্য বিভাগীয় মামলায় আনীত অভিযোগনামা ও অভিযোগের বিবরণী অভিযুক্ত কর্মকর্তার প্রতি জারি করত এতদ্‌বিষয়ে তাকে লিখিত জবাব দাখিল করার নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম এর লিখিত জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানির দিন ধার্য করা হয়। অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক ব্যক্তিগত শুনানিতে হাজির হন। তনি নিজেকে নির্দোষ দাবি করেন। তিনি ক্ষমা প্রার্থনা করেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত লিখিত জবাব, মৌখিক বক্তব্য, প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্রাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য বিভাগীয় মামলাটি আনুষ্ঠানিকভাবে তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে মতামত প্রদান করত তদন্ত প্রতিবেদন (Findings) দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন (Findings), সাক্ষীদের জবানবন্দি, অভিযুক্তের মৌখিক বক্তব্য ও আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায় গাজীপুর জেলার কাপাসিয়া থানার সাবেক অফিসার ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম, বিপি-৬৯৯৮০০৮৫২৯, বর্তমানে কিশোরগঞ্জ জেলায় কর্মরত এর বিরুদ্ধে আনীত অভিযোগ গাজীপুর জেলার কাপাসিয়া থানার সাবেক এসআই (নিঃ)/কায়সার আহমেদ মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে কাপাসিয়া থানার মামলা নং-৪৩, তারিখ : ২৬-০৪-২০১৯, ধারা-২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ১০(ক) আলামত পরীক্ষার অনুমতির জন্য আবেদন করলে অভিযুক্ত তা অগ্রগামী না করে দীর্ঘদিন ফেলে রাখেন। পরবর্তীতে এসআই (নিঃ)/সুমন মিয়া মামলাটির তদন্তের দায়িত্বপ্রাপ্ত হয়ে আলামত পরীক্ষার অনুমতির জন্য গত ০৮-০৮-২০১৯ খ্রিঃ তারিখ আবেদন করলে আবেদনটি প্রায় ০৪(চার) মাস বিলম্বে ০২-১২-২০১৯ খ্রিঃ তারিখে অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম অগ্রগামী করে বিজ্ঞ আদালতে প্রেরণ করার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ নাসিম মিয়া, বিপি-৮৫১২১৪৭৭০৫, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন), পিবিআই হেডকোয়ার্টার্স, ঢাকা মতামত প্রদান করেন। তদন্তকারী কর্মকর্তার মতামতের সহিত একমত পোষণপূর্বক অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম'কে দোষী সাব্যস্ত করা হয়; এবং

যেহেতু, সার্বিক বিশ্লেষণে অভিযুক্ত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-**১২৫**, তারিখঃ **১৯-০৮-২০২১** খ্রিঃ এ আনীত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

এক্ষণে, সেহেতু, গাজীপুর জেলার কাপাসিয়া থানার সাবেক অফিসান ইনচার্জ, নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রফিকুল ইসলাম, বিপি-৬৯৯৮০০৮৫২৯, বর্তমানে কিশোরগঞ্জ জেলায় কর্মরত'কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং-৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসেবে তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করা হলো। ভবিষ্যতে বেতন নির্ধারণের ক্ষেত্রে তিনি উক্ত বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ দিদার আহম্মদ**, বিপিএম, পিপিএম (সেবা)
বিপি-৬৫৯১০২০৯৫৩
অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল।

**কৃষি মন্ত্রণালয়**
**মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট**

**অফিস আদেশ**

তারিখ: ০৭ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ১২.০৩.০০০০.০০২.১৫.০০১.২৩-৩৭২**—মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের ১১তম গ্রেডভুক্ত নিম্নোক্ত কর্মকর্তার চাকরির রেকর্ড সন্তোষজনক বিবেচিত হওয়ায় তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে তাঁর চাকরি স্থায়ী করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, বর্তমান কর্মস্থল ও চাকরিতে প্রথম যোগদানের তারিখ | চাকরিতে যোগদানের তারিখ | নিয়মিতকরণের তারিখ | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ০১। | মোঃ মতিউর রহমান<br>গ্রাফিক আর্টিস্ট<br>প্রকাশনা ও রেকর্ড শাখা<br>মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট<br>প্রধান কার্যালয়, ঢাকা।<br>তারিখ: ৩১-০৫-১৯৯৪ খ্রিষ্টাব্দ | ৩১-০৫-১৯৯৪ খ্রিষ্টাব্দ | ১০-১০-২০১০ খ্রিষ্টাব্দ | ১০-১০-২০১০ খ্রিষ্টাব্দ |

২। 'সয়েল রিসোর্স ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যানালাইটিক্যাল সার্ভিসেস' প্রকল্পে কারিগরি পদ হিসেবে {এস, আর, ও নং-২৬৩-আইন/২০০৫/সম(বিধি-১)এস-৯(অংশ-২)} রাজস্ব খাতে স্থানান্তর/সৃজন হয়। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা প্রধান কার্যালয়ের ১০ আগস্ট, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখের মৃত্তিকা/প্রঃ(সাঃ)৮-১২/২০১০/১৫৬৮ সংখ্যক স্মারকে চাকরি নিয়মিতকরণ করা হয়েছে।

৩। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা-২(২০) এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৩-০৬-২০০৫ খ্রিঃ তারিখের মপবি/প্রসুশা-৪(৩২)/৮৭(অংশ-৬)/০৫-১১৩ সংখ্যক পত্রের (২) নম্বর অনুচ্ছেদের আলোকে কৃষি মন্ত্রণালয়ের ২৬-১২-২০২২ খ্রিঃ তারিখের ১২.০০.০০০০.০৫৪.১৫.০৬৪.২২-৩১৫ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**মোঃ ছাব্বির হোসেন**
মহাপরিচালক (চলতি দায়িত্ব)।

---

**[একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে]**
**স্বাস্থ্য অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ মার্চ ২০২২ ইং

নং **স্বাঃঅধিঃ/প্রশা-১/এও-পার/পদোন্নতি-৯০/২০২১/১১৫৩**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০৬-২০২১ তারিখের ৪৫.০১.০০০০.১৪০.১১.০০১.২০-৬২০ নং পত্রের আলোকে স্বাস্থ্য অধিদপ্তরের গত ১০-০২-২০২২ তারিখের স্বাঃঅধিঃ/প্রশা-২/ মেডিঃ টেকঃ কার্ডিওগ্রাফার/নিয়োগ/২০২০(অংশ-২)/৫৭৩ নং স্মারক মারফত বিভাগীয় নির্বাচন কমিটির সভা ১৫-০২-২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত কর্মচারীদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও কর্মস্থলে জাতীয় বেতনক্রম-২০১৫ এর ১২৫০০-৩০২৩০/- টাকা স্কেলে ১১নং গ্রেডের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে পদোন্নতি প্রদান করা হলো।

| ক্রমিক | কর্মচারীর নাম, পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিপ্রাপ্ত পদ ও কর্মস্থলের নাম |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ নূরল হক<br>মূল পদ-সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, বর্তমানে প্রশাসনিক কর্মকর্তা (পার) (চঃদাঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এবং সিএমএসডিতে সংযুক্তিতে কর্মরত। | প্রশাসনিক কর্মকর্তা (পার)<br>স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ০২ | জনাব এ, কে, এম, আজিজুল হক<br>মূল পদ-সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, বর্তমানে প্রশাসনিক কর্মকর্তা (পার) (চঃদাঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। | প্রশাসনিক কর্মকর্তা (পার)<br>স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ০৩ | জনাব মোহাম্মদ আবদুল হান্নান<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>মহাপরিচালক মহোদয়ের দপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। | প্রশাসনিক কর্মকর্তা (এমবিডিসি)<br>এমবিডিসি শাখা<br>স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ০৪ | রাফেজা সুলতানা<br>মূল পদ-সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, বর্তমানে প্রশাসনিক কর্মকর্তা (পার) (চঃদাঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। | প্রশাসনিক কর্মকর্তা (পার)<br>স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |

এই প্রজ্ঞাপন জারীর ০৭(সাত) দিনের মধ্যে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদান করিতে হইবে। অন্যথায় পদোন্নতির আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

**অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম**
পরিচালক (প্রশাসন)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা**
**(ভূমি অধিগ্রহণ শাখা-০৫)**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭**
**অধিগ্রহণ মামলা নং-০৫.২৯.০১/২০১৯-২০**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি "পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প" এর জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ অনুসারে অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে বা হয়েছে মর্মে বিবেচিত হয়।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর ন্যস্ত হলো। উল্লেখ্য যে, অত্র অধিগ্রহণ মামলা নং ০৫.২৯.০১/২০১৯-২০২০ যা অক্টোবর ২৭, ২০২২ তারিখে ৬ষ্ঠ খণ্ড বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। প্রকাশিত গেজেটে করণিক ভুল/ভুলক্রমে আরএস ৬৫নং দাগটি (জমির পরিমাণ ০.০৭৫০ একর) গেজেটে অন্তর্ভুক্ত হয়নি।

**তফসিল (অশুদ্ধ তফসিল)**

জেলা : ঢাকা, থানা/উপজেলা : কেরানীগঞ্জ, মৌজা : বাক্তা, জে.এল নম্বর : ৯৬

| দাগ নং (আরএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩১৬ | ২.২৩০০ | ১.১৫০০ |
| ৮৩৪ | ০.৪৪০০ | ০.২৫৭৫ |
| ১১০৮ | ০.৩৪০০ | ০.০১৭৫ |
| ১১৪৪ | ১.৪০০০ | ০.০১২৫ |
| | মোট | ১.৫১২৫ একর |

সর্বমোট জমির পরিমাণ : ১.৫১২৫ একর।

**তফসিল (শুদ্ধ তফসিল)**

জেলা : ঢাকা, থানা/উপজেলা : কেরানীগঞ্জ, মৌজা : বাক্তা, জে.এল নম্বর : ৯৬

| দাগ নং (আরএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৬৫ | ০.৪৯০০ | ০.০৭৫০ |
| ৩১৬ | ২.২৩০০ | ১.১৫০০ |
| ৮৩৪ | ০.৪৪০০ | ০.২৫৭৫ |
| ১১০৮ | ০.৩৪০০ | ০.০১৭৫ |
| ১১৪৪ | ১.৪০০০ | ০.০১২৫ |
| | মোট | ১.৫১২৫ একর |

সর্বমোট জমির পরিমাণ : ১.৫১২৫ একর।

**শাহনাজ সুলতানা**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ.)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এলএ কেস নং-৯/২০১৮-২০১৯**
**ফরম "ডি"**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এলএ কেস নম্বর ০৯/২০১৮-২০১৯ এর আওতায় নিম্ন তফসিল বর্ণিত মোট ১৫.৫৯১০ একর সম্পত্তি ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল আইন ২০১৭ এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা-চকভাদাম, জে এল নম্বর-২৮, উপজেলা-গাজীপুর সদর, জেলা-গাজীপুর।

| আরএস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৫১ | ০.০৭২২ |
| ৪৭ | ০.৫৭৯১ |
| ৪৮ | ০.১৫২২ |
| ৪৯ | ০.৩২২৪ |
| ৫০ | ০.০৬৪৯ |
| ৫৩ | ০.২০০২ |
| ৫৪ | ০.০২৯৫ |
| মোট = | ১.৪২০৫ একর |

মৌজা-ভাকরাল, জে এল নম্বর-২৭, উপজেলা-গাজীপুর সদর, জেলা-গাজীপুর।

| আরএস দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|
| ৭২৪ | ০.০০৭৮ |
| ৭২৫ | ০.৬৭৯৬ |
| ৭২৬ | ০.০০৬৯ |
| ৭৬৫ | ০.২৫৭৯ |
| ৭৬৭ | ১.৩৭৫৮ |
| ৭৬৮ | ১.৮৫০১ |
| ৭৭০ | ০.১৭৭৩ |
| ৮০৮ | ০.৫২৩৩ |
| ৮০৯ | ০.১৩৭৪ |
| ৮১০ | ০.৪৬০৮ |
| ৮১১ | ০.২৮৯২ |
| ৮২১ | ০.১৭২১ |
| ৮২৫ | ০.৩৯৬২ |
| ৮২৬ | ০.২৬০০ |
| ৮২৮ | ০.৪৪২৮ |
| ৮২৯ | ০.০৫১৩ |
| ৮৩০ | ০.২০২১ |
| ৮৩১ | ০.৯০০৪ |
| ৮৫৬ | ০.০৭৪৩ |
| ৮৫৭ | ০.৪৭২৪ |
| ৮৬০ | ০.২৫৪৫ |
| ৮৬১ | ০.০২২১ |
| ৮৬৪ | ০.২৭৩০ |
| ৮৬৫ | ০.৮৬০০ |
| ৮৬৬ | ০.৬৫৯৫ |
| ৮৬৭ | ০.২৬৭৯ |
| ৮৬৮ | ০.৭৬৮৪ |
| ৮৬৯ | ১.৩৬০১ |
| ৮৭০ | ০.৯৬৪২ |
| ৮৭১ | ০.০০৩১ |
| মোট = | ১৪.১৭০৫ একর |

**এস.এম.সাইফুর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ)।